



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/চাঁপাইনবাবগঞ্জ-৫৬/৩ ৬০২/২

তারিখ: ২০, পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ  
০৪, জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ


বিষয়: বোর্ড কর্তৃক সভাপতি মনোনয়ন বাতিল করায় পুনরায় গভার্ণিং বডি'র সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে

সূত্র: বামাশিবো/প্রশাসন/চাঁপাইনবাবগঞ্জ-৫৬/৩৫৯১/৩; তারিখ: ০৩/১২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন পলশা আলিম মাদ্রাসার চলমান গভার্ণিং বডি সভাপতির পদটি বোর্ড কর্তৃক সূত্রোক্ত স্মারকের মাধ্যমে বাতিল করা হয়। মাদ্রাসার অধ্যক্ষ পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৫(৫) অনুসারে জনাব মো: নজরুল ইসলাম-কে গভার্ণিং বডি'র সভাপতি মনোনয়ন দেয়ার জন্য স্থানীয় মাননীয় সংসদ সদস্য সুপারিশ করেছেন।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ১৬/০৬/২০২০খ্রি. তারিখের নং-বামাশিবো/প্রশা/ ৩২৮২০১২৪৫৮৩১/২৬৬২২/নথি নং-৫৬ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি'র অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মো: নজরুল ইসলাম, পিতা: মো: আফতার উদ্দীন-কে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
৪/১/২০২১

মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ, পলশা আলিম মাদ্রাসা, সদর, চাঁপাইনবাবগঞ্জ;

নং- বামাশিবো/প্রশাসন/চাঁপাইনবাবগঞ্জ-৫৬/৩ ৬০২/২

তারিখ: ২০, পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ  
০৪, জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, চাঁপাইনবাবগঞ্জ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, চাঁপাইনবাবগঞ্জ;
৫. জনাব মো: নজরুল ইসলাম (সভাপতি), গভার্ণিং বডি, পলশা আলিম মাদ্রাসা, সদর, চাঁপাইনবাবগঞ্জ;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

  
৪/১/২০২১

মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd